দৈনিক ইনকিলাব

তারিখ 27 JUL 1987

পৃষ্ঠা ৮ কলাম ১



# উপজেলা পরিক্রমা

## পোড়শা

ধামইরহাট (নওগাঁ), ২৫ জুলাই (সংবাদদাতা)।— নওগাঁ জেলা হওয়ায় পোড়শা ও সাপাহার দু'টি থানা নওগাঁ জেলার উপজেলা হয়েছে। পোড়শা আসলে একটি ধনী ও প্রভাবশালী ধর্মপ্রাণ মুসলমানদের গ্রাম। অনেকদিন আগে থেকেই তারা ধনী। পোড়শার ২ মাইল পশ্চিমে নিতপুর থানা। পোড়শার নাম অনুসারে তা এখন পোড়শা উপজেলা। থানা ও সকল উপজেলা অফিসসমূহ নিতপুরে অবস্থিত। পোড়শা নওগাঁ হতে ৪০ মাইল পশ্চিম-দক্ষিণ কোণে অবস্থিত। রাজশাহী শহর হতে প্রায় ঐরূপ দূরে। যাতায়াত ব্যবস্থা অত্যন্ত কষ্টকর। পোড়শা উপজেলায় ৬টি ইউনিয়ন। নিতপুর, তেতুঁলিয়া, ঘাটনগর, মুশিদপুর, সিংগল, গাঙ্গুলিয়া।

### পরিসংখ্যান

আয়তন ৯৮ বর্গ মাইল। গ্রামের সংখ্যা ২৬২টি। ইউনিয়নের সংখ্যা ৬টি। মোট জনসংখ্যা ৮০,৯৬১ জন। পুরুষ ৪১,১৫৫ জন, মহিলা ৩৯,৮০৬ জন। মোট জমির পরিমাণ ৬২,৫৪৫ একর। আবাদী জমি ৫৫,৮৩০ একর। অনাবদী জমি ১৭,৭৩০ একর। জমি রকম— এঁটেল, বরেন্দ্র, পলিমাটি। উৎপন্ন দ্রব্য— ধান, পাট ও যাবতীয় রবিশস্য। সরকারী প্রাইমারী স্কুল ৩৪টি, বেসরকারী প্রাইমারী স্কুল ৭টি। হাই স্কুল ৮টি, জুনিয়র হাই স্কুল ২টি। মাদ্রাসা ১৩টি মসজিদ ১৬২টি, মন্দির ১০টি।